অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ব্রুম কাউন্টিতে 22 মিলিয়ন ডলারের সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এন্ডিকটে যথাযথভাবে ব্যবহার না হওয়া সাবেক পাবলিক স্কুলকে ইতোপূর্বে গৃহহীন অবস্থায় থাকা পরিবারগুলোর জন্য সহায়তামূলক পরিষেবাবিশিষ্ট 15টি বাড়ি সহ 61টি মিশ্র-আয়ের অ্যাপার্টমেন্টে রূপান্তর করা হয়েছে

এই বিনিয়োগ "সাদার্ন টিয়ার সোয়ারিং" ("Southern Tier Soaring") এর পরিপূরক - যা কমিউনিটিকে পুনরুজ্জীবিত করার ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এই অঞ্চলের সমন্বিত কৌশল

এন্ডিকটের ব্রুম কাউন্টি ভিলেজে যথাযথভাবে ব্যবহৃত না হওয়া হেনরি বি. এন্ডিকট স্কুল (Henry B. Endicott School) ভবনটিকে 61টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টে রূপান্তর করার 22 মিলিয়ন ডলারের রূপান্তরমূলক প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন। এখন এন্ডিকট স্কয়ার নামে পরিচিত, এই উন্নয়ন কাজের মধ্যে ইতোপূর্বে গৃহহীন অবস্থায় থাকা পরিবারগুলোর জন্য 15টি অ্যাপার্টমেন্টের ব্যবস্থা রাখা হয়েছে যেখানে তারা অন-সাইট সহায়তামূলক পরিষেবাসমূহ অ্যাক্সেস করতে পারবে।

"খালি পড়ে থাকা ও যথাযথভাবে ব্যবহৃত না হওয়া সম্পত্তিগুলো পুনরায় উন্নয়ন কাজ সম্পন্ন করার প্রধান লক্ষ্যবস্তু কারণ সেগুলো আশেপাশের এলাকাকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করে, বাড়তি আবাসন সুবিধা প্রদান করে এবং পুরো কমিউনিটির জীবনযাত্রার মান উন্নত করে," **বলেছেন গভর্নর হোকল।** "মহামারী কাটিয়ে উঠে সামনে এগিয়ে যাওয়ার পথে আমাদের এন্ডিকট স্কয়ারের মতো নিরাপদ, সহায়তামূলক আবাসনের জন্যে আরো বেশি বিনিয়োগের প্রয়োজন রয়েছে। সাউদার্ন টিয়ারের সব কমিউনিটিতে ও স্টেটজুড়ে আমরা এসব প্রচেষ্টা অব্যাহত রাখবো।"

77,000 বর্গফুট জায়গা নিয়ে অবস্থিত দুই-তলাবিশিষ্ট হেনরি বি. এন্ডিকট স্কুল 1927 সালে প্রতিষ্ঠিত হয়েছিল। সাউদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) বৃহত্তর বিংহ্যামটন তহবিল (Greater Binghamton Fund) এই ভবনের সংস্কার কাজকে একটি অগ্রাধিকারমূলক প্রকল্প হিসেবে উল্লেখ করেছিল।

এন্ডিকট স্কয়ারে 43টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট এবং 18টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে। একান্নটি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের (Area Median Income, AMI) 60 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে এবং AMI-এর 90 শতাংশ পর্যন্ত আয়ের পরিবারগুলোর জন্য দশটি অ্যাপার্টমেন্ট রয়েছে। চলাচলে অক্ষম ব্যক্তিদের জন্য সাতটি পুরোপুরি অ্যাক্সেসযোগ্য ও রূপান্তরিত অ্যাপার্টমেন্ট এবং দৃষ্টিশক্তি বা শ্রবণশক্তির অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য তিনটি পুরোপুরি অ্যাক্সেসযোগ্য ও রূপান্তরিত অ্যাপার্টমেন্ট রয়েছে।

15টি পরিবার বিংহ্যামটন ও ব্রুম কাউন্টির YWCA-এর প্রদান করা অন-সাইট সহায়তামূলক পরিষেবাসমূহের অ্যাক্সেস পাবে। পরিষেবাসমূহের জন্য এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ (Empire State Supportive Housing Initiative) প্রায় 375,000 ডলারের বার্ষিক তহবিল প্রদান করছে এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) তা পরিচালনা করবে।

ভবনে থাকা সুযোগ-সুবিধাগুলোর মধ্যে লন্ড্রি ফ্যাসিলিটি, বাল্ক স্টোরেজ, কমিউনিটি রুম, খেলার মাঠ ও একটি আউটডোর প্যাটিও অন্তর্ভুক্ত রয়েছে। এন্ডিকট স্কয়ার বাণিজ্যিক ব্যবসা প্রতিষ্ঠান ও খুচরা দোকানপাটের কাছাকাছি একটি আবাসিক এলাকায় অবস্থিত।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এর বরাদ্দকৃত নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ের কর ক্রেডিট যা 15.9 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং অতিরিক্ত 2.4 মিলিয়ন ডলারের ভর্তুকি ব্যবহার করে এই উন্নয়নকাজের অর্থায়ন করা হয়েছে। বৃহত্তর বিংহ্যামটন তহবিল আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে এই প্রকল্পের জন্য 3 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করেছে। NBT ব্যাংক (NBT Bank) বাড়তি অর্থ প্রদান করেছে।

HCR কমিশনার রুথ-অ্যান ভিসনোসকাস বলেন, "সাবেক হেনরি বি. এন্ডিকট স্কুলকে সংস্কার করে সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করা এই ভিলেজের জ্যাকসন এভিনিউ করিডরে নতুন প্রাণচাঞ্চল্য ও ক্রিয়াকলাপ নিয়ে আসছে। 61টি অতি প্রয়োজনীয় সাশ্রয়ী বাড়ি প্রদান করার মাধ্যমে, এন্ডিকট স্কয়ার একটি স্মার্ট বিনিয়োগ যা গৃহহীনতা কমানোর মাধ্যমে ও স্থানীয় অর্থনীতিকে সমৃদ্ধ হতে সাহায্য করার মাধ্যমে কমিউনিটিকে উপকৃত করবে। হাউজিং ভিশন্স (Housing Visions) এর মতো অংশীদার পেয়ে আমরা কৃতজ্ঞ বোধ করছি, যারা নিউ ইয়র্কের পরিবারগুলোর জন্য মানসম্মত সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন প্রদান করার আমাদের মিশন শেয়ার করে।"

OMH কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "এন্ডিকট স্কয়ারের সহায়তামূলক ইউনিটগুলো অরক্ষিত অবস্থায় থাকা নিউ ইয়র্কবাসীদেরকে তাদের নিজেদের নিরাপদ ও স্থিতিশীল বাড়িতে বসাবাস করার সুযোগ করে দিবে। আরো একবার, নিউ ইয়র্কের এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ পরিষেবাসহ আবাসনের ব্যবস্থা করছে যা উন্নত স্বাস্থ্যগত ফলাফল নিয়ে আসবে এবং মানসিক অসুস্থতা নিয়ে বসবাসকারী আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে তাদের কমিউনিটিতে মূল্যবান ভূমিকা পালনকারী হয়ে উঠার সুযোগ দিবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর চিফ অপারেটিং অফিসার ও এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "বৃহত্তর বিংহ্যামটন তহবিল এই যথাযথভাবে ব্যবহার না হওয়া সাবেক মিডল স্কুলটির রূপান্তরের মতো প্রকল্পগুলোতে সহায়তা করতে বেসরকারি বিনিয়োগ নিয়ে সরকারি সম্পত্তিগুলোকে কাজে লাগায়," "এন্ডিকট স্কয়ারের রূপান্তরমূলক পুনর্ব্যবহারের প্রকল্পটি এন্ডিকট, বিংহ্যামটন ও জনসন সিটির দীর্ঘদিন ধরে অবহেলিত এলাকাগুলো পুনরুজ্জীবিত করার উপর জোর দেয়া টার্গেটিকৃত কৌশলের অংশ। এই তহবিলের মাধ্যমে, আমরা কালচারাল সেন্টার, কর্মসংস্থান ও সাশ্রয়ী আবাসন তৈরি করার মাধ্যমে এই ঐতিহাসিক ভবনগুলো পুনরায় কাজে লাগানোর প্রচেষ্টাসমূহ ত্বরান্বিত করছি - যার সবগুলোই দীর্ঘমেয়াদী আঞ্চলিক বিনিয়োগ ও স্থিতিশীলতা বৃদ্ধি করবে।"

হাউজিং ভিশন্স আনলিমিটেড (Housing Visions Unlimited) এর প্রেসিডেন্ট ও CEO, বেন লকউড বলেন, "এই ভবনটির এই এলাকার সেবা করে যাওয়ার দীর্ঘ ও গর্বিত ইতিহাস রয়েছে, এবং এই সম্পত্তির রূপান্তরমূলক সংস্কারকাজের মাধ্যমে এটিকে বসবাসের জন্য বাড়িতে পরিণত করা পরবর্তী প্রজন্মের জন্য এর সেবা প্রদান করার বিষয়টি নিশ্চিত করে। এটি এন্ডিকট ডিস্ট্রিক্টকে পুনরুজ্জীবিত করার পরিকল্পনায় (Endicott District Revitalization Plan) আহ্বানকারী আবাসনের স্থিতিশীলতাকে উৎসাহিত করার একটি আদর্শ কৌশলের প্রতিনিধিত্ব করে।"

এডিনকট ভিলেজ প্রকল্পটি স্টেটের 100,000 এরও বেশি সামর্থ্যের মধ্যে থাকা বাড়ি এবং 6,000টি সহায়তামূলক পরিষেবাসহ বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করা এবং গৃহহীনতা মোকাবেলা করার পাঁচ-বছর মেয়াদী 20 বিলিয়ন ডলারের নজিরবিহীন আবাসন পরিকল্পনার অংশ। গত এক দশকে সাউদার্ন টিয়ারে HCR বহুপরিবারভিত্তিক উন্নয়ন কাজে আনুমানিক 2,900টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নির্মাণের জন্য 276 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে।

সিনেটর ফ্রেড আকশার বলেন, "নিরাপদ, স্থিতিশীল ও সাশ্রয়ী আবাসন দারিদ্র্যের চক্র ভেঙ্গে দেয়া এবং আমাদের কমিউনিটির অভাবী মানুষদের নিজের পায়ে দাঁড়াতে, কর্মীদলে ফিরে যেতে এবং সফল হওয়ার পথে যাত্রা করতে সাহায্য করার ক্ষেত্রে একটি অপরিহার্য পদক্ষেপ।"

অ্যাসেম্বলিওমেন ডনা লুপার্ডো বলেন, "এন্ডিকট ভিলেজে এই গুরুত্বপূর্ণ উন্নয়নকাজ নিয়ে আসায় তাদের নেতৃত্বের জন্য আমি NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, হাউজিং ভিশন্স, এবং বিংহ্যামটন ও ব্রুমের YWCA-কে ধন্যবাদ জানাচ্ছি। এন্ডিকট স্কয়ার একটি সাবেক স্কুল ভবনকে পুনরায় কাজে লাগিয়ে 61টি ইউনিট তৈরি করেছে, যেখানে 15টি ইউনিটে গৃহহীনতার ঝুঁকিতে থাকা মানুষদের জন্য সহায়তামূলক পরিষেবার ব্যবস্থা রয়েছে। আমাদের কমিউনিটিতে এধরনের আবাসন অনেক বেশি প্রয়োজন এবং এত বেশি উষ্ণ অভ্যর্থনার জন্য আমি সুনির্দিষ্টভাবে ভিলেজকে ধন্যবাদ জানাতে চাই।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেন, "বৃহত্তর বিংহ্যামটন তহবিল ঘোষণা করার সময় আমরা ঠিক এধরনের প্রকল্পের কথাই কল্পনা করেছিলাম। আমাদের কমিউনিটিতে সাশ্রয়ী আবাসনের চাহিদা অব্যাহতভাবে বিদ্যমান রয়েছে এবং এই 61টি ইউনিট, যার মধ্যে পুরোপুরি অ্যাক্সেসযোগ্য ও গৃহহীন ব্যক্তিদের জন্য নকশাকৃত ইউনিটগুলো অন্তর্ভুক্ত রয়েছে, এই ব্যবধান ঘুচানোর জন্যে আমাদের অঙ্গীকার পূরণ করা অব্যাহত রাখছে। আরো একটি ঐতিহাসিক ভবনকে সমগ্র কমিউনিটিকে উপকৃত করবে এমন প্রকল্পে রূপান্তর করার জন্যে NYSHCR-এর পাশাপাশি স্টেট ও স্থানীয় পর্যায়ের অন্যান্য অংশীদারদের চমৎকার কাজের জন্য আমি তাদের সাধুবাদ জানাই।"

মেয়র লিন্ডা জ্যাকসন বলেন, "আমাদের ভিলেজে হাউজিং ভিশন্স-এর অ্যাপার্টমেন্ট কমপ্লেক্স, এন্ডিকট স্কয়ারকে স্বাগত জানাতে পেরে আমরা আনন্দিত। আমরা মনে করি এই নির্মল ও নিরাপদ সাশ্রয়ী আবাসনের প্রয়োজন রয়েছে। হাউজিং ভিশন্স-এর টিমের সাথে আমার সাক্ষাত হয়েছে, এবং আমি আগামী বছরগুলোতে দীর্ঘ ও সমানভাবে উপকারী কার্যক্রমের অংশীদারিত্বের প্রত্যাশা রাখি।"

সাদার্ন টিয়ার সোয়ারিং ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিক পর্যায়ে নকশাকৃত এই পরিকল্পনা একটি মেধাবী কর্মীদলকে আকৃষ্ট করা, ব্যবসার সমৃদ্ধি ও উদ্ভাবনকে চালিত করার উপর জোর দেয়। এখন, এই অঞ্চল আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Upstate Revitalization Initiative) মাধ্যমে 500 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগ দিয়ে সাদার্ন টিয়ার সোয়ারিং ত্বরান্বিত করছে। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 10,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরো তথ্য এখানে পাবেন৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418